নারায়ণগঞ্জে মঞ্জিল পরিবহনের চলন্ত বাসে আগুন



ছবি: সংগৃহীত

নারায়ণগঞ্জের সিদ্ধিরগঞ্জে চলন্ত যাত্রীবাহী বাসে আগুন লাগার ঘটনা ঘটেছে। এতে বাসটির ক্ষয়ক্ষতি হলেও কোনো হতাহতের খবর পাওয়া যায়নি। আগুনের সূত্রপাত নিয়ে ফায়ার সার্ভিস ও হাইওয়ে পুলিশের বক্তব্যে ভিন্নতা দেখা দিয়েছে।

শনিবার (২১ নভেম্বর) দিবাগত রাত সাড়ে ১২টার দিকে ঢাকা-চট্টগ্রাম মহাসড়কের সাইনবোর্ড এলাকায় মঞ্জিল পরিবহনের বাসটিতে আগুন লাগে। মহাসড়কের চট্টগ্রামমুখী লেনে প্রো-অ্যাকটিভ হাসপাতালের বিপরীত পাশে এ ঘটনা ঘটে।

প্রত্যক্ষদর্শী ও ফায়ার সার্ভিস সূত্রে জানা যায়, বাসটি চলন্ত অবস্থায় থাকতেই আগুন দেখা দেয়। এ সময় ভেতরে থাকা দুই যাত্রী দ্রুত নেমে যান। খবর পেয়ে ফায়ার সার্ভিসের দুটি ইউনিট ঘটনাস্থলে গিয়ে প্রায় ৩০ মিনিটের চেষ্টায় আগুন নিয়ন্ত্রণে আনে।

শিমরাইল ফায়ার সার্ভিসের সিনিয়র স্টেশন অফিসার জাহাঙ্গীর আলম বলেন, দুটি ইউনিটের কর্মীরা আগুন নেভানোর কাজ করেন। পরে বাসচালকের সঙ্গে কথা বলে তারা জানতে পারেন, যাত্রীর ছদ্মবেশে দুই ব্যক্তি বাসে উঠে আগুন দিয়ে নেমে যান। ওই দুজন ছাড়া বাসে আর কোনো যাত্রী ছিলেন না।

তবে আগুন লাগার কারণ সম্পর্কে ভিন্ন তথ্য দিয়েছেন শিমরাইল হাইওয়ে পুলিশ ক্যাম্পের ইনচার্জ জুলহাস উদ্দিন। তিনি বলেন, বাসে দুজন যাত্রী ছিলেন। আগুন লাগার পরপরই তারা নেমে যান। তবে বাসটিতে যান্ত্রিক ত্রুটির কারণে আগুনের সূত্রপাত হয়েছে বলে তার ধারণা।